সভা নং - ১৮

অদ্য- ০৭/০৬/২০২০ খ্রিঃ অনুষ্ঠিত "সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির" সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ- জনাব মোঃ হেলিম আহমেদ
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড
নেত্রকোনা পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন, নেত্রকোনা পৌরসভা। সভার তারিখ ঃ- ০৭/০৬/২০২০ খ্রিঃ।

বার ঃ মঙ্গলবার সময় ঃ বেলা ঃ ১২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ হেলিম আহমেদ	কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, নেত্রকোনা পৌরসভা।	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ নজরুল ইসলাম খান	মেয়র, নেত্রকোনা পৌরসভা।	স্বাক্ষরিত
০৩	জনাব মোছাম্মৎ শামীম আরা খানম	কাউন্সিলর ১,২,৩ নং ওয়ার্ড, নেত্রকোনা পৌরসভা।	স্বাক্ষরিত
০৪	জনাব রেজিয়া খানম চৌধুরী	কাউন্সিলর ৪,৫,৬ নং ওয়ার্ড, নেত্রকোনা পৌরসভা।	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ আব্দুল হেলিম	কাউন্সিলর ০৬নং ওয়ার্ড, নেত্রকোনা পৌরসভা।	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

আলোচ্য সূচী ঃ-০১ বিগত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ- সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার সচিব সাহেব বিগত- ১৬/০২/২০২০ খ্রিঃ অনুষ্ঠিত সভার মন্তব্য পাঠ করে শোনান। এতে সম্মানিত সদস্যদের পক্ষ থেকে কোনরূপ পরিবর্তন/পরিবর্ধনের প্রয়োজন না থাকায় তাহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

আলোচ্য সূচী ঃ-০২ নেত্রকোনা পৌরসভার ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও আগামী ২০২০-২০২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রণয়ন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত ।

আলোচনা ঃ- সভাপতি মহোদয় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক সভায় বলেন যে , নেত্রকোনা পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তার তথ্য অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেটের পরিমাণ ২৬,৪১,৩৮,৩৮১.৯৫ টাকা ও এবং আগামী ২০২০-২০২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ১৪০,৪৭,৯৮,৪২১.৬৩ টাকা প্রস্তুত করা হয়েছে। বাজেট নিয়ে টি. এল. সি. সি ও বিশেষ বাজেট সভায় আলোচনা করা হবে। আলোচনার পর পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপিত হবে। ২০২০-২০২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট নিম্নরূপ ঃ-

উন্নয়ন খাতে ব্যয়	২,৫০,০০,০০০.০০
উন্নয়ন খাতে সরকারী অনুদান (বিশেষ মঞ্জুরী) ব্যয়	১,৫০,০০,০০০.০০
মার্কেট নির্মান খাতে সরকারী অনুদান ব্যয় (বিশেষ মঞ্জুরী)	৫,০০,০০,০০০.০০
মুক্তিযুদ্ধ ও বিজয় ভাস্কর্য্য নির্মান ব্যয় (বিশেষ মঞ্জুরী)	১,০০,০০,০০০.০০
অডিটোরিয়াম নির্মান ব্যয়	৬,৫০,০০,০০০.০০
পার্ক নির্মান ব্যয় (বিশেষ মঞ্জুরী)	২,৫০,০০,০০০.০০
রাজস্ব খাতে উন্নয়ন ব্যয়	৩,৫৫,৫০,০০০.০০
জলবায়ু প্রভাব মোকাবেলায় ড্রেনেজ উন্নয়ন প্রকল্প	১,০০,০০,০০০.০০
গুরুত্বপূর্ন নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প ব্যয়	১৪,০০,০০,০০০.০০
মগড়া নদীর পাড় সংরক্ষন সৌন্দর্য্য বৃদ্ধি ও পরিবেশ উন্নয়ন প্রকল্প ব্যয়	৩৬,০০,০০,০০০.০০
পরিচ্ছন্নতা কর্মীদের আবাসিক ভবন নির্মাণ	৬,০০,০০,০০০.০০
প্রাথমিক পল্লী স্বাস্থ্য সেবা প্রকল্প	৪,৫০,০০,০০০.০০
<u>তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতি করন সেক্টর প্রকল্প (UGIIP-III)ব্যয়</u>	
পুর্ত কাজ (রাস্তা,ব্রীজ ও ড্রেইন নির্মান) ব্যয়	২৬,৫০,০০,০০০.০০
বিভিন্ন প্রশিক্ষন ,সভা ,সেমিনার ও র‌্যালী ব্যয়	১৪,৫০,০০০.০০
বস্তি উন্নয়ন কার্যক্রম ব্যয়	২,৫৬,০০,০০০.০০
পানি সরবরাহ উন্নয়ন ব্যয়	৩,৫০,০০,০০০.০০
স্যানিটারী ল্যান্ড ফিল্ড স্থাপনের অবকাঠামো নির্মান ব্যয়	৭,০০,০০,০০০.০০
মোট ব্যয়	১৩৮,৫৭,৭০,৫২৬.০০
সমাপনী স্থিতি	১,৯০,৯০,৮৯৫.৬৩
সর্বমোট ব্যয়	১৪০,৪৭,৯৮,৪২১.৬৩

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য ও প্যানেল মেয়র-০৩ জনাব মোছাম্মৎ শামীম আরা খানম বলেন যে, ২০১৯-২০২০ অর্থবছরে রাস্তা ব্যবহারের জন্য ২৩০০ টি ব্যাটারী চালিত অটোরিক্সাকে অনুমতি দেওয়া হয়। উক্ত ২৩০০ ব্যাটারী চালিত অটোরিক্সা থেকে প্রতিটি ১০,০০০/- টাকা করে মোট ২,৩০,০০,০০০/- (দুই কোটি ত্রিশ লক্ষ) টাকা আয় হয়েছে। এছাড়া ১৩০০ টি ব্যাটারী চালিত রিক্সা (প্রতিটি ৪,০০০/-) ও ২০২ টি ব্যাটারী চালিত মিশুক (প্রতিটি ৬,০০০/-) টাকা করে মোট ৬৪,১২,০০০/- লক্ষ টাকা আয় হয়েছে। বর্তমানে করোনা ভাইরাস পরিস্থিতির কারণে পৌরসভার আয় একদম কমে গেছে। যা ২০২০-২০২১ অর্থ বছরে প্রভাব পড়বে। সে বিষয়টি মাথায় রেখে আরও ২০০ টি ব্যাটারী চালিত অটোরিক্সার লাইসেন্স, ৭০০ টি ব্যাটারী চালিত রিক্সার লাইসেন্স ও ৭০০ টি ব্যাটারী চালিত মিশুক এর লাইসেন্স বাড়ানোর জন্য মেয়র মহোদয়ের কছে প্রস্তাব পেশ করেন। যা পৌরসভার কর্মকর্তা ও কর্মচারী দের বেতন ও উন্নয়ন খাতে খরচের জন্য বিশেষ ভূমিকা রাখবে। এছাড়া আরও নতুন নতুন আয়ের উৎস তৈরি করা এবং প্রস্তাবিত বাজেটে ধার্য্যকৃত আয়ের উৎস অনুযায়ী সঠিক পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ জনান।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য ও কাউন্সিলর জনাব মোঃ আব্দুল হেলিম বলেন যে, অক্লান্ত পরিশ্রম করে ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২০২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রস্তুত করার জন্য হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারীদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

নেত্রকোনা পৌরসভা কার্যালয়
নেত্রকোনা।

সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি

সভাপতি ঃ জনাব মোঃ হেলিম আহমেদ

পদবী ঃ কাউন্সিলর, নেত্রকোনা পৌরসভা।

সভার তারিখ ঃ ০৭/০৬/২০২০ **সভার স্থান ঃ পৌর মিলনায়তন**

বার ঃ রবিবার **সময় ঃ ১২.৩০ ঘটিকা**

<u>উপস্থিতি হাজিরা</u>

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ হেলিম আহমেদ	কাউন্সিলর	
০২	জনাব মোঃ নজরুল ইসলাম খান	মেয়র	
০৩	জনাব মোছাম্মৎ শামীম আরা খানম	কাউন্সিলর	
০৪	জনাব রেজিয়া খানম চৌধুরী	কাউন্সিলর	
০৫	জনাব মোঃ আব্দুল হেলিম	কাউন্সিলর	